তারিখ ... 27-DEC-2002
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৬

সংবাদ

# ঢা.বি ক্যাম্পাসে ছাত্রদল নেত্রীদের সাংগঠনিক কার্যক্রম বন্ধ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদল নেত্রীদের সাংগঠনিক কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে ৩টি ছাত্রীহলের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। সম্প্রতি ছাত্রদল নেতাদের জড়িয়ে বিভিন্ন নারীঘটিত ঘটনার পরিপ্রেক্ষিতে ছাত্রদল বিশ্ববিদ্যালয় আহ্বায়ক কমিটি এ সিদ্ধান্ত নেয়।

এদিকে সংগঠনে অভ্যন্তরীণ কোন্দলের জের ধরে কয়েকটি হলে মারামারি, হাতাহাতির ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ২ [illegible] হয়েছে। অব্যহতিপ্রাপ্তরা হলেন জহুরুল হক হল শাখার ছাত্রদল সাধারণ সম্পাদক মশিউর রহমান মিন্টু ও জসীমউদ্দীন হল শাখার সাংগঠনিক সম্পাদক লুৎফর রহমান। শোকজপ্রাপ্তরা হলেন শহীদুল্লাহ হলের বিবদমান দু'গ্রুপের নেতা-কর্মী রোকন, হালিম, শাহীদ শান্তানু।

বুধবার ক্যাম্পাসের মধুর ক্যান্টিনের সামনে বিশ্ববিদ্যালয় আহ্বায়ক কমিটির এক নেতার সঙ্গে রোকেয়া হলের নেত্রীদের কথা কাটাকাটি হয়। এছাড়া ছাত্রদল নেত্রীদের মধ্যে গ্রুপিং

কার্যক্রম ঃ নিষিদ্ধ
( ১২ পৃষ্ঠার পর )

চরমে উঠেছে। বিভিন্ন ছাত্রনেতাকে নিয়ে ছাত্রীনেত্রীদের মধ্যে কাদা ছোড়াছুড়িও চলছে। এ ঘটনাগুলো নিয়ে বিশ্ববিদ্যালয় নেতৃবৃন্দের মধ্যে তীব্র প্রতিক্রিয়া হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দ ক্ষুব্ধ হয়ে বুধবার এক জরুরি সভায় সিদ্ধান্ত নেন যে, 'ক্যাম্পাসে ছাত্রীনেত্রীদের প্রকাশ্য কর্মকাণ্ডের প্রয়োজন নেই। তারা স্ব স্ব হলের মধ্যে কার্যক্রম চালিয়ে যাবে। সভায় রোকেয়া, শামসুন্নাহার ও কুয়েত মৈত্রী হলের সম্মেলন প্রস্তুতি কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়।